# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**16 AUGUST 2024** **7:45—7:55 PM IST**

================================================================

১) ৭০ তম জাতীয় চলচ্চিত্র পুরস্কার ঘোষণা/ অসমিয়া চলচ্চিত্র এমুঠি পুঠি-কে রজত কমল পুরস্কার প্রদান। শূন্যতা-কে অসমিয়া স্বল্প দৈর্ঘের ছবি বিভাগে রজত কমল পুরস্কার প্রদান।

২) ধেমাজিতে ২০০৪ সালের ১৫ আগস্ট স্বাধীনতা দিবসের কার্যসূচিতে উগ্রপন্থীর সংঘটিত করা বোমা বিস্ফোরণে নিহত লোকেদের স্মৃতিতে আজ রাজ্যজুড়ে শোক দিবস পালন।

৩) বরাক উপত্যকার তিন জেলায়ও আজ শোক দিবস পালন।

এবং

৪) কেন্দ্রীয় বন্দর, জাহাজ ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়ালের পেরিস অলিম্পিকে ব্রোঞ্জ পদক বিজয়ী মনু ভাকরকে সংবর্ধনা।

---------------------------------------------------------------------------------

আজ নতুনদিল্লীতে ৭০ তম জাতীয় চলচ্চিত্র পুরস্কারগুলি ঘোষনা করা হয়েছে । কেন্দ্রীয় তথ্যও সম্প্রচারমন্ত্রী অশ্বিনী বৈষ্ণের উপস্থিতিতে জাতীয় চলচ্চিত্র পুরষ্কারের বিচারকমন্ডলীর ঘোষনা করা তথ্য অনুযায়ী এমুঠি পুঠি নামের ছবিটি অসমীয়া ভাষায়

শ্রেষ্ঠ ছবি তথা রজতকমল পুরষ্কার লাভ করেছে । একই ভাবে তিয়া ভাষার চলচ্চিত্র সিকাইশাল কে তিয়া ভাষার রজতকমল পুরস্কার প্রদান করা হয়েছে ।নবপন ডেকা পরিচালিত অসমীয়া স্বল্প দৈর্ঘ্যের ছবি শূন্যতা শ্রেষ্ঠ স্বল্প দৈর্ঘ্যের ছবি তথা রজতকমল পুরষ্কার লাভ করেছে ।অন্যদিকে তথ্য চিত্র বিভাগে আইমী বরুয়া পরিচালিত বিরুবালা , হু-ইচ টু পদ্মশ্রী ও পার্থসারথি মহন্ত পরিচালিত আরো একটি অসমীয়া তথ্য চিত্র হাড়গিলা ; দ্য গ্রেটার এডজুটেন্ট ষ্টর্ক কে  বিশেষ পুরষ্কার প্রদান করা হয়েছে ।

---

একটি নিষিদ্ধ ঘোষিত উগ্রপন্থী সংগঠনের গতকাল গুয়াহাটী সহ রাজ্যের কয়েকটি স্থানে বোমা রাখার ঘটনা সম্পর্কে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা উগ্রপন্থীদের এধরণের কার্যকলাপের পরিপ্রেক্ষিতে রাজ্যের পরিবেশ বিনষ্ট না করতে আলফার সেনা প্রধান পরেশ বরুয়ার প্রতি আহ্বান জানিয়েছেন । মুখ্যমন্ত্রী বলেন যে আসাম বহু বছর পর বর্তমানে উন্নয়নের পথে অগ্রসর হচ্ছে এবং এই ক্ষেত্রে সাজ্যে সুস্থ বিনিয়োগের পরিবেশ বজায় রাখা অত্যন্ত জরুরী ।মুখ্যমন্ত্রী আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের জন্য এগিয়ে আসতে সংগঠনটির প্রতি আহ্বান জানান ।অন্যদিকে শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু সংবাদ মাধ্যমের সঙ্গে কথাবার্তায় রাজ্যের বর্তমান শান্তি ও প্রগতির পরিবেশ নষ্ট না করতে এবং আসামকে পুনরায় পেছনে ঠেলে না দেবার আহ্বান জানান ।উল্লেখ্য উগ্রপন্থী সংগঠন আলফা স্বাধীনের গতকাল গুয়াহাটী মহানগরের আটটি স্থান সহ রাজ্যের ২০ টির ও বেশী স্থানে বোমা রাখা হয়েছে বলে এক দাবীর পরিপ্রেক্ষিতে আসাম পুলিশের সঞ্চালক প্রধান জি পি সিং জানান যে একধরণের বোমা সদৃশ সামগ্রী নলবারী , লখিমপুর ও নগাঁওয়ে উদ্ধার করা হয়েছে ।এই সামগ্রীগুলো ফরেন্সিক পরীক্ষার জন্য প্রেরণ করা হয়েছে বলে তিনি জানান ।

---

সমগ্র রাজ্যে আজ শোক দিবস পালন করা হয়েছে ।২০০৪ সালের ১৫ ই আগষ্ট ধেমাজী জেলার কাছারী ময়দানে স্বাধীনতা দিবসের কার্যসূচীতে অংশগ্রহণ করতে যাওয়ার সময় উগ্রপন্থীদের বোমা বিস্ফোরণে নিহত শিশু সহ নিরিহ  লোকেদের স্মৃতিতে আজ শোক দিবস পালন করা হয় ।লখিমপুর জেলা আয়ুক্ত কার্যালয়ের সভাকক্ষে আজ নিহতদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা সহ জেলা আয়ুক্ত কার্যালয়ের কর্মচারীদের শপথ বাক্য পাঠ করানো হয় ।মাজুলি পুলিশ সুপারের কার্যালয়ে আজ এই দিবস উপলক্ষে  সন্ত্রাসবাদ ও হিংসার বিরুদ্ধে কর্মচারীদের শপথবাক্য পাঠ করানো হয় ।ডিব্রুগড়ের জেলা আয়ুক্ত বৈক্রেম কৈরীর উপস্থিতিতে আজ কার্যালয়ের আধিকারীক কর্মচারীরা শপথ বাক্য পাঠ করেন ।তিনশুকিয়া জেলা আয়ুক্ত কার্যালয়েও আজ

উগ্রপন্থীদের বোমা বিস্ফোরণে নিহত শিশু সহ নিরিহ লোকেদের নিহত হওয়ার ঘটনা স্মরণ করে তাদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয় ।

---

বরাক উপত্যাকার তিন জেলায়ও আজ ধেমাজী বোমা বিস্ফোরণে নিহত শিশু ও নিরিহ লোকেদের প্রতি শ্রদ্ধা জানাতে শোক দিবস পালন করা হয় । কাছাড় জেলার বিভিন্ন সরকারী কার্যালয়ে আজ সকাল ১১ টায় এক মিনিট নীরবতা পালন করা হয় এবং আমাদের দেশের অহিংস ও সহনশীলতার ঐতিহ্যের ওপর গভীর আস্থা রেখে শপথ বাক্য পাঠ করা হয় ।

করিমগঞ্জ জেলায়ও আজ শোক দিবস পালন করা হয়েছে ।আজ সকাল ১১ টায় জেলা আয়ুক্ত কার্যালয়ের সভাকক্ষে জেলা আয়ুক্ত মৃদুল যাদব , জেলা উন্নয়ন আয়ুক্ত দীপক জিডুং , অতিরিক্ত আয়ুক্ত ধ্রুবজ্যোতি দেব সহ অন্যান্য আধিকারীক ও কর্মচারীদের উপস্থিতিতে অহিংসা ও সহিষ্ণুতার শপথ বাক্য পাঠ করা হয় এবং এক মিনিট নীরবতা পালন করা হয় ।জেলার প্রতিটি সরকারী কার্যালয়ে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয় ।এছাড়া প্রতিটি রাজস্ব চক্র , জেলা তথ্য ও জনসংযোগ কার্যালয় সহ সব বিভাগীয় কার্যালয়ে সন্ত্রাসবাদের বিরুদ্ধে অহিংসা ও সহিষ্ণুতার শপথ বাক্য পাঠ করা হয় ও এক মিনিট নীরবতা পালন করা হয় ।

হাইলাকান্দি জেলায় ও আজ শোক দিবস পালন করা হয়েছে ।আজ জেলা আয়ুক্তের সভাকক্ষে আয়োজিত এক সভায় জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে আধিকারীক ও কর্মচারীদের শান্তি ও সম্প্রীতির শপথ বাক্য পাঠ করান ।সভায় সন্ত্রাসবাদ কে ধিক্কার জানিয়ে এক মিনিট নীরবতা পালন করা হয় ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৫ শে আগষ্ট আকাশবানীর মন কী বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ বিদেশের জনসাধারণের সংগে মত বিনিময় করবেন । এটি হবে অনুষ্ঠানটির ১১৩ তম পর্ব ।

প্রধানমন্ত্রী এই অনুষ্ঠানের জন্য জনসাধারণ থেকে পরামর্শ চেয়েছেন । জনসাধারণ ১৮০০-১১-৭৮০০ শুল্কবিহীন এই নম্বরে ফোন করে প্রধানমন্ত্রীকে পরামর্শ প্রদান করতে পারবেন ।২৩ শে আগষ্ট পর্যন্ত এই পর্বের জন্য পরামর্শ গ্রহণ করা হবে । এছাড়া  নরেন্দ্র মোদী এ্যাপ অথবা মাই গভ ওপেন ফোরামের মাধ্যমে ও পরামর্শ প্রদান করা যাবে ।আকাশবানী - দূরদর্শনের সবকটি নেটোয়ার্ক সহ আকাশবানীর ওয়েবসাইট ও নিউজ অন এ আই আর মোবাইল এ্যাপের মাধ্যমে ও এই অনুষ্ঠান প্রচার করা হবে ।আকাশবানী , দূরদর্শন নিউজ , প্রধানমন্ত্রী কার্যালয় ও তথ্য ও

সম্প্রচার মন্ত্রনালয়ের ইউ টিউব চ্যানেলের মাধমে ও এই অনুষ্ঠান প্রচার করা হবে । অনুষ্ঠানটি প্রচারের পর ই আঞ্চলিক ভাষায় এর রুপান্তর প্রচার করা হবে ।

------------------------------------------------------------------------------------------

ভারতীয় চিকিৎসা সংস্থা কোলকাতায় একজন জুনিওর চিকিৎসককে ধর্ষণ ও হত্যার প্রতিবাদে জরুরীকালীন সেবা ছাড়া অন্য সেবাগুলি আগামীকাল সকাল ৬ টা থেকে ২৪ ঘন্টার জন্য দেশজুড়ে বন্ধ রাখার কথা ঘোষনা করেছে । সংস্থাটি এক বিজ্ঞপ্তীতে জানিয়েছে যে এই সময়কালে অত্যাবশ্যকীয় সেবা অব্যাহত থাকবে ও কেজুয়েলিটি ওয়ার্ডগুলি খোলা রাখা হবে । এছাড়া ঐ সময়কালে বহি: বিভাগের সেবা সম্পূর্নভাবে বন্ধ থাকবে বলে সূত্রে জানানো হয়েছে । আই এম এর রাজ্য শাখাগুলির সংগে আলোচনার পর এই সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।

------------------------------------------------------------------------------------------

এদিকে ভারতীয় চিকিৎসা সংস্থার এই প্রতিবাদী কার্যসূচী ঘোষনা করার পর বরাক উপত্যকার তিনজেলার সব চিকিৎসালয়গুলি ও আগামীকাল অর্থাৎ ১৭ ই আগষ্ট সকাল ৬ টা থেকে ২৪ ঘন্টার জন্য বন্ধ রাখা হবে ।ঐসময়কালে শুধু জরুরীকালীন সেবা অব্যাহত থাকবে , তবে বহি: বিভাগের সেবা সম্পূর্নভাবে বন্ধ রাখা হবে বলে সূত্রে জানানো হয়েছে ।

------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় বন্দর জাহাজ ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ নতুনদিল্লীতে প্যারিস অলিম্পিকে দুটি ব্রঞ্জ পদক বিজয়ী মনু ভাকরকে সম্বর্ধনা জানান ।কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সনোয়াল ভারতের সফল মহিলা শুটারকে ১০ লক্ষ টাকার একটি চেক প্রদান করেন ।

------------------------------------------------------------------------------------------

করিমগঞ্জের জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে মনসা পূজা উপলক্ষ্যে আগামীকাল সমগ্র জেলায় এন আই এক্টে স্থানীয় ছুটি ঘোষনা করা হয়েছে । এর ফলে কেন্দ্র ও রাজ্য সরকারের সব কার্য্যলয় , শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে । বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়েছে যে বিভিন্ন বোর্ড , কাউন্সিল , বিশ্ববিদ্যালয়ের চলতি পরীক্ষা বা বাছাই পরীক্ষা , লিখিত পরীক্ষা , সাক্ষাৎকার এর অধীনে প্রভাবিত হবে না ।

------------------------------------------------------------------------------------------

২০২৫ সালের পদ্ম পুরষ্কারগুলির মনোনয়ন আগামী ১৫ ই সেপ্টেম্বর পর্যন্ত গ্রহণ করা হবে । ইচ্ছুক প্রার্থী জাতীয় পুরষ্কারের পোর্টেল এয়ার্ডস . গভ . ইন এ মনোনয়ন দাখিল করতে পারবেন । পদ্ম বিভূষণ , পদ্ম ভূষণ ও পদ্মশ্রী এই তিনটি ভাগে

পদ্মপুরষ্কারগুলি প্রদান করা হয় ।প্রতিবছর পদ্ম পুরস্কার প্রাপকের নাম সাধারণতন্ত্র দিবসের আগের দিন ঘোষনা করা হয় ।

---

করিমগঞ্জ পূর্ত বিভাগের পাথারকান্দি ও রামকৃষ্ণনগর টেরিটোরিয়াল সড়ক শাখার কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে আনিপুর-দূর্লভছড়া-জামুয়াং সড়কের দূর্লভছড়ায় দুই লেনের ৮/১ কাঠের সেতু দূর্বল হয়ে পড়ায় , ঔই সেতুর উপর দিয়ে ১০ টনের অধিক ওজন নিয়ে সব ধরনের যান চলাচল নিষিদ্ধ ঘোষনা করেছেন । পুনরাদেশ না দেওয়া পর্য্যন্ত এই নিষেধাজ্ঞা বলবৎ থাকবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে ।

---

বরাক উপত্যকার বিভিন্ন সংস্থা-সংগঠনের উদ্যোগেও গতকাল যথাযোগ্য মর্য্যাদায় দেশের ৭৮তম স্বাধীনতা দিবস পালন করা হয়েছে ।

ভারতীয় রেডক্রস সংস্থার শিলচর শাখার পক্ষ থেকে গতকাল স্বাধীনতা দিবস পালন করা হয়েছে । সংস্থার সম্পাদক তথা বিধায়ক দীপায়ন চক্রবর্তী জাতীয় পতাকা উত্তোলন করেন । পরে স্বাধীনতা দিবসের প্রাসঙ্গিকতা নিয়ে একটি আলোচনা সভা অনুষ্টিত হয় । সকাল সাড়ে ১১টায় এক পেড় মা কে নাম শীর্ষক কার্য্যসূচীর মাধ্যমে রেডক্রস প্রাঙ্গনে গাছের চারা রোপন করেন ডক্টর এইচ কে চৌধুরী , রথীন্দ্র নাথ সাহা , নিলয় পাল , গুনজ্যোতি দত্ত প্রমূখ ।

শ্রীকোনার বরাক সেবা কেন্দ্রের উদ্যোগেও গতকাল ৭৮তম স্বাধীনতা দিবস পালন করা হয়েছে । সকালে জাতীয় পতাকা উত্তোলন করেন এলাকার প্রবীন নাগরিক অজিত রায় ।

---

হাইলাকান্দির জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম গতকাল স্বাধীনতা দিবসে হাইলাকান্দি কারাগারে আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্য সরকারের  কারাগার সে কারিগর নামের নতুন প্রকল্পের সূচনা করেন । অনুষ্ঠানে জেলা ও দায়রা জজ সৈয়দ ইমদাদুর রহমান , চিফ জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট সুভদ্রা আচার্য্য , জেলা আইন সেবা কর্তৃপক্ষের সচিব বিদ্যাব্রত আচার্য্য , অতিরিক্ত আয়ুক্ত ত্রিদিব রায় , জেলা কর্মসংস্থান আধিকারীক শম্পা পাল প্রমূখ অংশ গ্রহন করেন । উল্লেখ্য কারাগার সে কারিগর প্রকল্পে হাইলাকান্দি কারাগারের ৩০জন কয়েদিকে টেইলারিং শিল্পের উপর বিশেষ প্রশিক্ষন প্রদান করে সাবলম্বী  করে তোলা হবে ।

---

ধলাই মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় এস পি এম আর্জানপুর দল ৩-০ গোলের ব্যবধানে জামালপুরের জে পি সুপার জিন্স ক্লাবকে পরাজিত করেছে । ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় কালার হাওয়র এফ সি খেলবে ভাগার এ আর ক্লাবে বিরুদ্ধে ।

------------------------------------------------------------------------------------

পালংঘাটের মাতা সংঘ ক্লাবের উদ্যোগে আয়োজিত ডক্টর শ্যামাপ্রসাদ মূর্খাজী স্মৃতি ফুটবল প্রতিযোগিতার আজকের খেলার আমড়াঘাটের এলেভেন ব্রাদার্স ক্লাব ৪-২ গোলের ব্যবধানে আমড়াঘাটের জে এ এম এফ সি দলকে পরাজিত করেছে । স্থানীয় চৈতন্য চরন জগৎ চন্দ্র বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় পানিভরা ক্লেভার হাউস এফ সি খেলবে বিন্নাকান্দি এফ সি-র বিরুদ্ধে ।

------------------------------------------------------------------------------------

জনতা দল ইউনাইটেড-এর আসাম প্রদেশ সভাপতি পরেশ নাথ এক বিজ্ঞপ্তীতে জনতা দল ইউনাইটেড -এর হাইলাকান্দি জেলা সভাপতি হিসেবে ভাটিরকূপা গ্রামের সাহিদ আহমেদ মজুমদারকে মনোনীত করেছেন । বিজ্ঞপ্তীতে আরো বলা হয়েছে যে জেলা সভাপতি শ্রীমজুমদার জেলার সাংগঠনিক কাজকর্ম দেখাশুনা করবেন এবং দলের স্বার্থে রাজ্য সভাপতিকে রাজনৈতিক কার্যসূচীতে সব ধরনের সাহায্য করবেন ।

------------------------------------------------------------------------------------